গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
নগর উন্নয়ন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

স্মারক নং ৪৬.০০.০০০০.১০৭.০৫.০০৮.২৪-৩১০

তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪৩২ / ১৬ নভেম্বর ২০২৫

**বিষয়: সারাদেশে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে করণীয় নির্ধারণের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক "ডেঙ্গু ও মশাবাহিত রোগ প্রতিরোধকল্পে গঠিত বিশেষজ্ঞ কমিটি'র" ০৯ নভেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সারাদেশে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে করণীয় নির্ধারণের লক্ষ্যে সচিব, স্থানীয় সরকার বিভাগ-এর সভাপতিত্বে গত ০৯ নভেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত বিশেষজ্ঞ কমিটি'র সভার সিদ্ধান্ত ৩ ও ৬ নিম্নরূপ:

| | |
|---|---|
| ৩ | কিভাবে মশার ঔষধ প্রয়োগ করতে হয়ে সে বিষয়ে মশক কর্মীদের প্রশিক্ষণ দিতে হবে। |
| ৬ | প্রতিদিন মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। নির্দেশনা অমান্যকারীদের জরিমানার আওতায় আনতে হবে। |

২। এমতাবস্থায়, বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী ০৩ (তিন) পৃষ্ঠা

16-11-2025

জিয়াউর রহমান
উপসচিব
ফোন: ০২৫৫১০০৬৭৭
ইমেইল: urbandev2@lgd.gov.bd

**বিতরণ:**

১. প্রধান নির্বাহী কর্মকর্তা------------------------------------------সিটি কর্পোরেশন (সকল);
২. প্রশাসক---------------------------------- পৌরসভা (সকল)।

স্মারক নং ৪৬.০০.০০০০.১০৭.০৫.০০৮.২৪-৩১০/১(৫)

তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪৩২ / ১৬ নভেম্বর ২০২৫

**অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য);
২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
৪. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
৫. অফিস কপি।

16-11-2025

জিয়াউর রহমান
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
নগর উন্নয়ন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**বিষয়: সারাদেশে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে করণীয় নির্ধারণের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক "ডেঙ্গু ও মশাবাহিত রোগ প্রতিরোধকল্পে গঠিত বিশেষজ্ঞ কমিটি'র" সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: রেজাউল মাকছুদ জাহেদী<br>সচিব, স্থানীয় সরকার বিভাগ |
| তারিখ ও সময় | : | ০৯ নভেম্বর ২০২৫; বিকাল ০৩:০০ ঘটিকা |
| সভার স্থান | : | স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষ (কক্ষ নং- ৬০১, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি সভায় উপস্থিত বিশেষজ্ঞ কমিটি'র সদস্যবৃন্দ ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর প্রশাসকসহ অন্যান্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন সারাদেশে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে করণীয় নির্ধারণের লক্ষ্যে বিশেষজ্ঞ কমিটি'র এ সভা আহ্বান করা হয়েছে। অত:পর তিনি স্থানীয় সরকার বিভাগের উপসচিব (নগর উন্নয়ন-২ শাখা)-কে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

২। উপসচিব, নগর উন্নয়ন-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। তিনি জানান গত ৬ নভেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত সভায় প্রিমুডিয়াল গ্রুপ কর্তৃক আমদানিকৃত (Vectobac) ঔষধটি স্থানীয় বিভাগ কর্তৃক গঠিত বিশেষজ্ঞ কমিটি কর্তৃক পরীক্ষা করার বিষয়ে বিশেষজ্ঞ কমিটির একটি সভা আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হয়। সে অনুযায়ী আজকের সভার আয়োজন করা হয়েছে। তিনি সভাপতির অনুমতিক্রমে চেয়ারম্যান, প্রিমুডিয়াল গ্রুপ, গুলশান -২, ঢাকা এর আমদানিকৃত ঔষধের বিষয়ে উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

৩। জনাব নাহিয়ান আযহার, পরিচালক, প্রিমুহেলথ লিঃ, গুলশান -২, ঢাকা Power point Presentation এর মাধ্যমে তাদের আমদানিকৃত (Vectobac) ঔষধ এর কার্যকারিতা সর্ম্পকে উপস্থাপন করেন। তিনি জানান আমেরিকা হতে আমদানিকৃত Vectobac নামক মশার ঔষধটি পরিবেশ বান্ধব একটি কার্যকরি মশার ঔষধ। যা পরিবেশের কোন ক্ষতি করেনা। এটি প্রয়োগ করলে শুধু মাত্র মশার লার্ভা মারা যায়। অন্য কোন জলজ প্রাণি, কিট পতঙ্গ এবং মানব দেহের কোন ক্ষতি করে না। তিনি আরও জানান এই ঔষধটি পরীক্ষামূলকভাবে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের একটি জলাধারে ব্যবহার করা হয়েছে। পরীক্ষায় দেখা যায় শতভাগ মশার লার্ভা মারা গেছে। অন্য কোন জলজ প্রাণি, কিট পতঙ্গ মারা যায়নি।

৪। প্রফেসর ড. মুহঃ রাশেদুল ইসলাম, কীটতত্ত্ব বিভাগ, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা বলেন প্রিমুহেলথ লিঃ , গুলশান -২, ঢাকা এর আমদানিকৃত Vectobac নামক মশার ঔষধটি যে দেশ থেকে আনা হয়েছে সে দেশের Ecology এবং আমাদের দেশের Ecology এক নয়। তারা যে পরীক্ষা করেছে লার্ভাগুলো কতটুকু পানি থেকে সংগ্রহ করা হয়েছে এবং কোথা থেকে সংগ্রহ করা হয়েছে তা ল্যাবে পরীক্ষা করতে হবে। ঔষধটির Scientific অনুমোদন প্রয়োজন। Scientific অনুমোদন ব্যতিত ব্যবহার করা যাবে না। তিনি আরও জানান আমরা যাতে কেমিকেলের উপর নির্ভর না করি। আমাদের Biological চিন্তা করতে হবে।

৫। অধ্যাপক ড. মোঃ গোলাম ছারোয়ার, বিভাগীয় প্রধান, এন্টোমলজি বিভাগ, নিপসম, মহাখালী, ঢাকা বলেন আমাদের দেশের Plasse Value এবং অন্য দেশের Plasse Value এক নয়। প্রিমুহেলথ লিঃ, গুলশান -২, ঢাকা এর আমদানিকৃত মশার ঔষধটি আমাদের বৈজ্ঞানিক পদ্ধাতিতে Trail দিতে হবে। পরীক্ষা ছাড়া এটা ব্যবহার করা যাবে না।

৬।	ড. মোহাম্মদ ফিরোজ জামান, অধ্যাপক, প্রাণিবিদ্যা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা বলেন নির্মাণাধীন বিল্ডিং এবং রাস্তার সংস্কার কাজ চলাকালে বিশেষভাবে সতর্ক করে দিতে হবে যাতে করে কোন পানি জমে না থাকে। সে বিষয়ে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। মশক কর্মীদের প্রশিক্ষণের আয়োজন করতে হবে।

৭।	সভাপতি, সভাকে বলেন যে, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে রিসোর্স সেন্টার করতে হবে। রিসোর্স সেন্টারের মাধ্যমে ডেঙ্গুর জরিপ কাজ চলমান রাখতে হবে। কিভাবে মশার ঔষধ প্রয়োগ করতে হয়ে সে বিষয়ে মশক কর্মীদের নিয়মিত প্রশিক্ষণ দিতে হবে। প্রিমুডিয়াল গ্রুপ কর্তৃক আমদানিকৃত (Vectobac) ঔষধটি পরীক্ষা করতে হবে। গবেষনায় যদি তাদের আমাদানিকৃত ঔষধ Biological ভাবে সঠিক হয় তাহলে এটা আমরা ব্যবহার করতে পারি। ঔষধটি ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ডেঙ্গু প্রবণ এলাকায় পাইলটিং করতে হবে। প্রতিদিন মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। নির্দেশনা অমান্যকারীদের জরিমানার আওতায় আনতে হবে। জনগণকে সচেতন করার জন্য সামাজিক কন্টেন্ট তৈরি করতে হবে এবং ব্যাপকভাবে প্রচার করতে হবে। গবেষনার জন্য অর্থের প্রয়োজন হবে। এ জন্য একটি অর্থনৈতিক কোড খুলতে হবে। যাতে আগামী অর্থ বছর থেকে অর্থনৈতিক কোডের অনুকূলে বরাদ্দ পাওয়া যায়।

৮।	সার্বিক আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১ | মশার লার্ভা পরীক্ষা করার জন্য ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে রিসোর্স সেন্টার করতে হবে। রিসোর্স সেন্টারের মাধ্যমে জরিপ কাজ চলমান থাকবে। | ১। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |
| ২ | মশার লার্ভা পরীক্ষা/গবেষনার জন্য অর্থের প্রয়োজন হবে। এ জন্য অর্থনৈতিক কোড খুলতে হবে। | ১। স্থানীয় সরকার বিভাগ<br>২। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন<br>৩। ঢাকা মশক নিবরণী দপ্তর |
| ৩ | কিভাবে মশার ঔষধ প্রয়োগ করতে হয়ে সে বিষয়ে মশক কর্মীদের প্রশিক্ষণ দিতে হবে। | ১। সিটি কর্পোরেশন (সকল)<br>২। পৌরসভা (সকল) |
| ৪ | প্রিমুডিয়াল গ্রুপ, গুলশান -২, ঢাকা এর আমদানিকৃত (Vectobac) ঔষধটি পরীক্ষা করতে হবে। গবেষনায় যদি তাদের আমাদানিকৃত ঔষধ Biological ভাবে সঠিক হয় তাহলে এটা ব্যবহার করা যেতে পারে। | ১। বিশেষজ্ঞ কমিটি<br>১। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |
| ৫ | প্রিমুডিয়াল গ্রুপ, গুলশান -২, ঢাকা এর আমদানিকৃত (Vectobac) ঔষধটি ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ডেঙ্গু প্রবণ এলাকায় পাইলটিং করতে হবে। | ১। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন |
| ৬ | প্রতিদিন মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। নির্দেশনা অমান্যকারীদের জরিমানার আওতায় আনতে হবে। | ১। সিটি কর্পোরেশন (সকল)<br>২। পৌরসভা (সকল) |
| ৭ | জনগণকে সচেতন করার জন্য সামাজিক কন্টেন্ট তৈরি করতে হবে এবং ব্যাপকভাবে প্রচার করতে হবে। | ১। সিটি কর্পোরেশন (সকল) |

১৩।	আলোচনা শেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত)
তারিখ: ১৩/১১/২০২৫ খ্রি.

মো: রেজাউল মাকছুদ জাহেদী
সচিব
স্থানীয় সরকার বিভাগ

নম্বর: ৪৬.০০.০০০০.১০৭.০৫.০০৮.২৪-৩০৯/১(২০)

তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪৩২
১৬ নভেম্বর ২০২৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ;
২. প্রশাসক, -----------------------------সিটি কর্পোরেশন (সকল);
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-৩ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ;
৪. যুগ্মসচিব (সিটি কর্পোরেশন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
৫. ড. মোহাম্মদ ফিরোজ জামান, অধ্যাপক, প্রাণিবিদ্যা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৬. প্রফেসর ড. শেফালী বেগম, (কীটতত্ত্ববিদ), প্রাণিবিদ্যা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৭. প্রফেসর ড. তানজিন আকতার, অধ্যাপক, প্রাণিবিদ্যা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৮. প্রফেসর ড. মুহঃ রাশেদুল ইসলাম, কীটতত্ত্ব বিভাগ, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা;
৯. অধ্যাপক ড. মোঃ গোলাম ছারোয়ার, বিভাগীয় প্রধান, এন্টোমলজি বিভাগ, নিপসম, মহাখালী, ঢাকা;
১০. জনাব মোঃ রেজাউল করিম, কীটতত্ত্ববিদ;
১১. প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা দক্ষিণ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন;
১২. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন;
১৩. জনাব জাহাদ ঠাকুর, চেয়ারম্যান, প্রিমুডিয়াল গ্রুপ, গুলশান -২, ঢাকা;
১৪. জনাব নাহিয়ান আযহার, পরিচালক, প্রিমুহেলথ লিঃ, গুলশান -২, ঢাকা;
১৫.জনাব মো: রাশেদ হোসাইন, কীটতত্ত্ববিদ, প্রিমুহেলথ লিঃ, গুলশান -২, ঢাকা;
১৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারণী দপ্তর, লালবাগ, ঢাকা;
১৭. উপসচিব (সিটি কর্পোরেশন-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
১৮. প্রশাসক, -----------------------------পৌরসভা (সকল);
১৯. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
২০. অফিস কপি।

16.11.2025

জিয়াউর রহমান
উপসচিব
ফোন: ০২৫৫১০০৬৭৭
ই-মেইল: urbandev2@lgd.gov.bd